দৈনিক ইনকিলাব

MAR 10 2002

তারিখ ..........
পৃষ্ঠা ৭ কলাম ......




*ইনকিলাব ঃ মেয়েদের ব্ল্যাকমেইল করে ছাত্রলীগ নেতার অশ্লীল পর্নো ছবি তৈরী ও পর্নো সিডি প্রকাশের প্রতিবাদে জাতীয়তাবাদী ছাত্রদল গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ঘৃণা মিছিল এবং বিক্ষোভ করে*

# ছাত্রলীগ নেতা রোকনের পর্ণো সিডি তৈরীর প্রতিবাদে ঢাবিতে ছাত্রদলের মিছিল ও সমাবেশ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ছাত্রলীগ নেতা রোকনের পর্ণো সিডি তৈরীর ঘটনার প্রতিবাদে জাতীয়তাবাদী ছাত্রদল গতকাল (শনিবার) ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে। অপরাজেয় বাংলার পাদদেশে সমাবেশে ছাত্রদল বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মনির হোসেন বলেন, সমগ্র বিশ্ব যখন নারীর অধিকার প্রতিষ্ঠার জন্য এগিয়ে যাচ্ছে, তখন ছাত্রলীগ নেতা রোকন নারীর সম্ভ্রমকে বাজারজাত করার ঘৃণ্য খেলায় মেতে উঠেছে। আর শেখ হাসিনার সোনার ছেলেদের এ ঘৃণ্য কর্মকাণ্ডের বিরুদ্ধে মুখ খুলছেন না কবীর চৌধুরী, আসাদুজ্জামান নূর আর রামেন্দু মজুমদার। তিনি রোকনের দৃষ্টান্তমূলক বিচার দাবী করে বলেন, ছাত্রলীগের মধ্যে ঘাপটি মেরে থাকা রোকনদের চিহ্নিত করে এদের কবল থেকে ছাত্রী বোন ও শিক্ষাঙ্গণকে রক্ষা করতে হবে।

ছাত্রদল নেতৃবৃন্দ হুঁশিয়ারি উচ্চারণ করে বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের নাম ব্যবহার করে ছাত্রলীগের কেউ সন্ত্রাস কিংবা অশ্লীল কর্মকাণ্ডে লিপ্ত হলে ছাত্রসমাজ তাদের ঐক্যবদ্ধভাবে প্রতিরোধ করবে।

সমাবেশে আরো বক্তব্য রাখেন ছাত্রদল নেতা হায়দার আলী লেলিন, নূরুল ইসলাম নয়ন, সর্দার মোঃ নুরুজ্জামান। সমাবেশের পূর্বে ছাত্রদলের একটি মিছিল মনির হোসেন, সুলতান সালাউদ্দিন টুকু, শফিউল বারী বাবু, সেলিমুজ্জামান সেলিম, আমিরুল ইসলাম আলিম, হারুনুর রশীদ হারুন ও সাইফুল ইসলাম ফিরোজের নেতৃত্বে ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

সমাবেশে মনির হোসেন বলেন, ইতিপূর্বে ছাত্রলীগ ক্যাডার মানিক জাহাঙ্গীরনগরে ছাত্রী বোনদের ধর্ষণ করেছে। কিন্তু শেখ হাসিনা তার সোনার সন্তানদের কোন বিচার করেনি।

হায়দার আলী লেলিন বলেন, ছাত্র নামধারী ছাত্রলীগের কুলাঙ্গাররা অসামাজিক কর্মকাণ্ডের দ্বারা যুব সমাজকে নৈতিক অবক্ষয়ের দিকে ঠেলে দিচ্ছে। নূরুল ইসলাম নয়ন বলেন, মানিক আর রোকনদের কাজই হলো নারীর সম্ভ্রম নিয়ে ছিনিমিনি খেলা। এদের প্রতিহত করতে হবে।

এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্রছাত্রীরা ছাত্রলীগ নেতা রোকনের শাস্তির দাবীতে আজ ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করবে।